

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,
কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০৪১.২৫.১১১

বিষয়: শিল্প আইআরসিতে আমদানী স্বত্ব বৃদ্ধির সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: ন্যাচারাল ওয়াশিং প্লান্ট লিমিটেড এর ১৯/১০/২০২৫ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ন্যাচারাল ওয়াশিং প্লান্ট লিমিটেড, অফিসঃ বাড়ি নং-০৮, রোড নং-২৮, ব্লক কে, বনানী, ঢাকা ও কারখানাঃ টংগাবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা, “ওয়াশিং প্লান্ট” উপ-খাতভুক্ত ১০০% রপ্তানিমুখী একটি বস্ত্র শিল্প কারখানা যার নিবন্ধন নং- এল-৬২০৫১৫০৫০০৪-এইচ তারিখ: ০৪/০৫/২০১৫। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০২৭৩১২৩, তারিখঃ ০২/০৯/২০২৪ খ্রিঃ জারী করা হয়। কারখানা কর্তৃপক্ষ কর্তৃক শিল্প আইআরসিতে আমদানি স্বত্ব বৃদ্ধির সুপারিশের জন্য আবেদন করা হয়েছে, সেই প্রেক্ষিতে এ অধিদপ্তরের একজন ইন্সপেক্টর সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই করে প্রতিষ্ঠানটির অনকলে শিল্প আইআরসিতে আমদানি স্বত্ব বৃদ্ধির সুপারিশের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনমোদিত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী “ওয়াশিং প্লান্ট” উপ-খাতভুক্ত শিল্প প্রতিষ্ঠানটির অনকলে নিম্নোক্ত ছক মোতাবেক কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

উপখাত	বিদ্যমান আইআরসির আমদানি স্বত্ব	সুপারিশকৃত আইআরসির আমদানি স্বত্ব	মন্তব্য
“ওয়াশিং প্লান্ট”	ষান্মাষিক আমদানি স্বত্বঃ ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা মাত্র	ষান্মাষিক আমদানি স্বত্বঃ ৩,৭২,০০,০০০/- (তিন কোটি বাহাত্তর লক্ষ) টাকা মাত্র	আমদানি স্বত্ব বৃদ্ধি করা হলো

০২। এমতাবস্থায়, আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে ন্যাচারাল ওয়াশিং প্লান্ট লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনকূলে ষান্মাষিক আমদানি স্বত্বঃ ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা মাত্র এর পরিবর্তে ষান্মাষিক আমদানি স্বত্বঃ ৩,৭২,০০,০০০/- (তিন কোটি বাহাত্তর লক্ষ) টাকা মাত্র নির্ধারণ পূর্বক শিল্প আইআরসিতে আমদানি স্বত্ব বৃদ্ধির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো।

০৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না এবং ভবিষ্যতে কোন আপত্তি/অভিযোগ উত্থাপিত হলে বস্ত্র অধিদপ্তর তার দায়ভার গ্রহণ করবেনা।

১৫-১২-২০২৫

মোঃ আব্দুর রহমান

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০৪১.২৫.১১১/১ (৫)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, (দক্ষিণ), ৩৪২/১ সেগুন বাগিচা, ঢাকা।।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ন্যাচারাল ওয়াশিং প্লান্ট লিমিটেড, অফিসঃ বাড়ি নং-০৮, রোড নং-২৮, ব্লক কে, বনানী, ঢাকা ও কারখানাঃ টংগাবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৫। রিসিপশনিষ্ট, ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।



Asif

১৫-১২-২০২৫

আসিফ চৌধুরী

সহকারী পরিচালক